

চবি ভর্তি পরীক্ষা প্রতি আসনে ৪৬ প্রার্থী

চবি সংবাদদাতা ৷ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ভর্তির জন্য রেকর্ড সংখ্যক আবেদন জমা পড়েছে। এবার ৪ হাজার ৬৫৩ আসনের বিপরীতে ২ লাখ ১১ হাজার ৯৫২ আবেদন জমা পড়েছে। সে হিসেবে প্রতি আসনে লড়বে ৪৬ পরীক্ষার্থী। যা পূর্বের রেকর্ড ভঙ্গ করেছে। জানা যায়, বিশ্ববিদ্যালয়ে মোট আসন রয়েছে ৪ হাজার ৬৫৩টি। এর মধ্যে সাধারণ আসন ৩ হাজার ৯৯৯টি। বাকি ৬৫৪ আসনে কোটায় শিক্ষার্থী ভর্তি করা হবে। এর মধ্যে এ ইউনিটে (বিজ্ঞান অনুষদ) ৫৪৬ আসনের বিপরীতে আবেদন জমা পড়েছে ২৫ হাজার ৭৬৬টি। বি ইউনিটে (কলা ও মানববিদ্যা অনুষদ) ১ হাজার ৪৪১ আসনের বিপরীতে আবেদন জমা পড়েছে ৪৪ হাজার ত্রিশটি।

সি ইউনিটে (ব্যবসায় প্রশাসন অনুষদ) ৭৪৫টি আসনের বিপরীতে ৩২ হাজার ৫১ আবেদন জমা পড়েছে। ডি ইউনিটে (সমাজবিজ্ঞান অনুষদ) ৮৮৩টি আসনের বিপরীতে আবেদন জমা পড়েছে ৩৩ হাজার ৬৯৬। ই ইউনিটে (আইন অনুষদ) ১৩০টি আসনের বিপরীতে ১৬ হাজার ৪৬১ জন আবেদন করেছে। এফ ইউনিটে (জীববিজ্ঞান অনুষদ) ৫৪৭টি আসনের বিপরীতে ২৬ হাজার ১৪৪ জন ভর্তিচ্ছ আবেদন করেছে।

জি ইউনিটে (প্রকৌশল অনুষদ) ১২৮টি আসনের বিপরীতে আবেদন জমা পড়েছে ২৩ হাজার ৪৪৪। এইচ ইউনিটে (শিক্ষা অনুষদ) ৩৭ আসনের বিপরীতে আবেদন করেছেন ৯২৪ জন। আই ইউনিটে (মৎস্য ও সমুদ্র বিজ্ঞান ইনস্টিটিউট) ১১১টি আসনের বিপরীতে আবেদন করেছেন ৪ হাজার ৯২২ জন। জে ইউনিটে (বন ও পরিবেশবিদ্যা ইনস্টিটিউট) ৮৫টি আসনের জন্য আবেদন করেছেন ৪ হাজার ৫১৪ জন। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক) ও ভর্তি কমিটির সচিব এস এম আকবর হোসাইন বলেন, 'এবার চার হাজার ৬৫৩ আসনের বিপরীতে ২ লাখ ১১ হাজার ৯৫২ জন আবেদন করেছেন। আগামী ১ নবেম্বর থেকে ভর্তি পরীক্ষা শুরু হবে।' প্রবেশপত্র ডাউনলোডের সময় পরবর্তীতে জানিয়ে দেয়া হবে বলেও জানান তিনি।